

তারিখ: ২১/০৫/২০২৩ খ্রি.

২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় ফরম পূরণ করতে আগ্রহী পরীক্ষার্থীকে ২১/০৫/২০২৪ হতে ০৩/০৬/২০২৪ খ্রি. তারিখের মধ্যে Online -এ সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া গেল। এ লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: <http://ems.nu.ac.bd/www.nubd.info/honours> থেকে আবেদন ফরম সংগ্রহ করতে পারবে।

১। অংশগ্রহণের যোগ্যতা:

- (ক) নিয়মিত: ২০২২-২৩ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।
- (খ) অনিয়মিত: ২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২২ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনকৃত যেসকল শিক্ষার্থী অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে। Not Promoted পরীক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত কোর্সে পরীক্ষা দিতে হবে না। তবে যারা ২০২২ সালের অনার্স ১ম বর্ষে পরীক্ষায় ১ম বারের মত “C” বা “D” গ্রেড পেয়েছে, তাড়াই এ পরীক্ষায় গ্রেড উন্নীত করার জন্য সর্বোচ্চ ২টি কোর্সে সুযোগ পাবে এবং “F” গ্রেডপ্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।
- (গ) গ্রেড উন্নয়ন: ২০২২ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে যেসকল শিক্ষার্থী ২য় বর্ষে Promoted হয়েছে, তারা শুধুমাত্র “C” বা “D” গ্রেডপ্রাপ্ত সর্বোচ্চ ২টি কোর্সে অংশগ্রহণ করতে পারবে। ২০১৬-১৭, ২০১৭-১৮, ২০১৮-১৯, ২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২২ শিক্ষাবর্ষের যেসকল শিক্ষার্থী অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে “F” গ্রেড পেয়েছে তারা শুধুমাত্র “F” গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিতে পারবে। ২০২২ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C. Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদেরকে ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অবশ্যই অনুপস্থিত পত্র অংশগ্রহণ করতে হবে। উল্লেখ্য যে, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের এক বা একাধিক কোর্সে “F” গ্রেড প্রাপ্তদের ৫,০০০/- ফি প্রদান সাপেক্ষে ফরম পূরণ করতে পারবে।

২। নির্ধারিত ফরম পূরণ ফি জমাদানের পদ্ধতি:

- (ক) অনিয়মিত/গ্রেডউন্নয়ন/অন্যান্য পরীক্ষার্থীরা ০৫/০৬/২০২৪ খ্রি. তারিখ ফরম পূরণের ফি সরাসরি সংশ্লিষ্ট বিভাগে জমা দিবে।
- (খ) নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে ফরম পূরণের জন্য নির্ধারিত ফি ২১/০৫/২০২৪ হতে ০৩/০৬/২০২৪ খ্রি. তারিখের মধ্যে ওয়েবসাইট: <https://rangamaticollege.eshiksaems.com> -এ নিম্নোক্ত User Name এবং Password ব্যবহার করে Login করতে হবে।

User Name: rangamatistudent এবং Password: rangamatistudent


- (গ) Education Management System এর Pay through Sonali Pay অপশনে গিয়ে Session -এ 2022-2023, Class Roll/Admission Roll -এ নিয়মিত পরীক্ষার্থীর ক্ষেত্রে রেজিস্ট্রেশন নম্বর এন্ট্রি দিয়ে Connect Sonali Pay ক্লিক করতে হবে।
- (ঘ) শিক্ষার্থী Sonali Payment Gateway ব্যবহার করে যেকোনো মাধ্যমে নির্ধারিত ফি পরিশোধ প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে।
- (ঙ) তারপর শিক্ষার্থীকে Receipts Print ক্লিক করার পর Registration No এন্ট্রি দিয়ে Payslip ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

৩। আবেদন ফরম, Payslip (প্রযোজ্য ক্ষেত্রে) ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি স্ব-স্ব বিভাগে জমাদানের সময়সীমা:


- (ক) নিয়মিত পরীক্ষার্থীর ক্ষেত্রে : ০৩/০৬/২০২৪ খ্রি.
- (খ) অনিয়মিত/গ্রেডউন্নয়ন/অন্যান্য পরীক্ষার্থীর ক্ষেত্রে : ০৫/০৬/২০২৪ খ্রি.

৪। ফি বিবরণী:

বিষয়ের নাম	নিয়মিত	অনিয়মিত
বাংলা/ইংরেজি/ইতিহাস/ইসঃ ইতিহাস/দর্শন/রাষ্ট্রবিজ্ঞান/অর্থনীতি/ব্যবস্থাপনা/হিসাববিজ্ঞান	২,১০০/-	২,৩০০/-
পদার্থবিজ্ঞান	৩,১০০/-	৩,৩০০/-
প্রাণিবিজ্ঞান	৩,০৫০/-	৩,২৫০/-
উদ্ভিদবিজ্ঞান	৩,৩০০/-	৩,৫০০/-
গণিত	২,৯৫০/-	৩,১৫০/-
১ পত্র বিশিষ্ট (মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন)	--	১,০৫০/-
২ পত্র বিশিষ্ট (মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন)	--	১,৩০০/-
“F” গ্রেড এক বা একাধিক কোর্সে (২০১৫-২০১৬ শিক্ষাবর্ষ)	--	৫,০০০+৫০০/-
C. Promoted (বিশেষ অন্তর্ভুক্তি)	--	১,০০০+৫০০/-


অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা


২১/০৫/২০২৪

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৩। বিভাগীয় প্রধান (সকল বিভাগ), অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে অনিয়মিত পরীক্ষার্থীদের নিকট থেকে আদায়কৃত ফি আগামী ০৯/০৬/২০২৪ খ্রি. তারিখের মধ্যে কলেজের হিসাব শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো;
- ৪। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৫। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে প্রচার করার জন্য নির্দেশ দেয়া গেল।